

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২২/০৪/২০২৪ খ্রি.


প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের
মোবাইল ব্যাংকিং একাউন্টসমূহ 'নগদ'-এ রূপান্তর করে জমাদানের জরুরী বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজে একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা এর ১৮/০৪/২০২৪ খ্রি. তারিখের এইচএসপি/এমআইএস/আইসিটি/মাঠপর্যায়ে/২০২৩/৬(১০০৯০) নং স্মারক মোতাবেক সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ 'নগদ'-এর মাধ্যমে বিতরণ করা হবে। তৎপরিপ্রেক্ষিতে উচ্চ মাধ্যমিক শ্রেণির উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের 'নগদ' একাউন্ট এবং অনলাইন ব্যাংক (এজেন্ট ব্যাংকিংসহ) হিসাবধারী ব্যতীত অন্যান্য মোবাইল আর্থিক সেবা প্রদানকারী (বিকাশ/রকেট/উপায়/শিওরক্যাশ/এম ক্যাশ) প্রতিষ্ঠানের সকল উপকারভোগীর মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর 'নগদ'-এ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক পরিবর্তনের জন্য HSP-MIS সফটওয়্যার ২১/০৪/২০২৪ থেকে ২৯/০৪/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত উন্মুক্ত থাকবে।


এমতাবস্থায়, উপবৃত্তিপ্ৰাপ্ত যেসকল শিক্ষার্থী ইতোপূর্বে উপবৃত্তি আবেদনের সময় মোবাইল ব্যাংকিং হিসাব (বিকাশ/রকেট/উপায়/শিওরক্যাশ/এম ক্যাশ) প্রদান করেছে, তাদেরকে আগামী ২৮/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে 'নগদ' খুলে কলেজের প্রশাসনিক শাখায় জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। নির্ধারিত সময়ে জমা দিতে ব্যর্থ হলে উপবৃত্তি সংক্রান্ত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না। তবে যেসকল শিক্ষার্থী 'নগদ' হিসাব নম্বর প্রদান করেছে, তাদের পুনরায় জমাদানের প্রয়োজন নেই।

বিশেষ দৃষ্টব্যঃ

- ১। HSP-MIS সফটওয়্যারে পিতাকে অভিভাবক হিসেবে নির্বাচন করলে পিতার NID ব্যবহার করে 'নগদ' খুলতে হবে। এক্ষেত্রে অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে পিতার নাম এন্ট্রি দিতে হবে।
- ২। একইভাবে মাতাকে অভিভাবক হিসেবে নির্বাচন করলে মাতার NID ব্যবহার করে 'নগদ' খুলতে হবে। এক্ষেত্রে অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে মাতার নাম এন্ট্রি দিতে হবে।
- ৩। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোনো ব্যক্তিতে (ভাই/বোন/অন্যান্য) অভিভাবক হিসেবে নির্বাচন করলে তার NID ব্যবহার করে 'নগদ' খুলতে হবে। এক্ষেত্রে অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে তার নাম এন্ট্রি দিতে হবে।


(প্রফেসর উদ্বার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


২২/৪/২০২৪

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৪। সংরক্ষণ নথি।